



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY


পরীক্ষা বিভাগ

EXAMINATION DIVISION

বাউবি/পরীক্ষা/BBS/৩১৩/২০০৮/১৭৭৭

তারিখ: ২৯/১০/২০১৯

আঞ্চলিক পরিচালক
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
আঞ্চলিক কেন্দ্র (সকল)।



বিষয় : বিবিএস পরীক্ষা'২০১৮-এর ফলাফল পুনঃনিরীক্ষণ প্রসঙ্গে।

জনাব

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত বিবিএস পরীক্ষা ২০১৮-এর ১ম, ২য় এবং ৩য় বর্ষের কোর্সভিত্তিক ফলাফলসহ চূড়ান্ত ফলাফল প্রকাশ করা হয়েছে। যে সকল শিক্ষার্থী ফলাফল পুনঃনিরীক্ষা করতে ইচ্ছুক তাদেরকে বাউবি'র নির্ধারিত ব্যাংকে পুনঃনিরীক্ষণ ফি (প্রতি বিষয়ে ৫০০/- টাকা হারে) জমা দিয়ে On-Line-এ আবেদন করতে হবে। ফলাফল পুনঃনিরীক্ষণ সংক্রান্ত আবেদন ফরম exam.bou.edu.bd এই ওয়েব ঠিকানায় পাওয়া যাবে। উক্ত ফরম যথাযথভাবে পূরণ করে আগামী ১৮/১১/২০১৯ তারিখের মধ্যে উল্লেখিত ওয়েব ঠিকানায় প্রেরণ করতে হবে।

আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পুনঃনিরীক্ষণ ফি জমার রশিদসহ গাজীপুর ক্যাম্পাস/আঞ্চলিক কেন্দ্র/উপ আঞ্চলিক কেন্দ্রে দাখিল করতে হবে। আঞ্চলিক কেন্দ্র/উপ আঞ্চলিক কেন্দ্রে জমাকৃত আবেদন তালিকাভুক্ত করে আগামী ২১/১১/২০১৯ তারিখের মধ্যে পরীক্ষা বিভাগের পৌছানোর ব্যবস্থা করতে হবে। নির্ধারিত তারিখের পরে প্রেরিত কোন আবেদন বিবেচনা করা হবে না।

পুনঃনিরীক্ষণ সংক্রান্ত তথ্যাদি শিক্ষার্থীদের অবগত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল।

ধন্যবাদসহ।

(Signature)
২৩/১০/১৯

পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

অনুলিপি : অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'ল।


- ০১। ডীন, ওপেন স্কুল, বাউবি।
- ০২। পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।
- ০৩। পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি- বাউবি'র ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হ'ল।
- ০৪। একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৫। উপ-পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৬। সংরক্ষণ নথি।



বাউবি/পরীক্ষা/BBS/৩১৩/২০০৮/১৬০০

তারিখ: ২৯/১০/২০১৯

আঞ্চলিক পরিচালক
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
আঞ্চলিক কেন্দ্র (সকল)।



বিষয় : বিবিএস পরীক্ষা ২০১৮-এর ফলাফল সংক্রান্ত অভিযোগ প্রসঙ্গে।

জনাব

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত বিবিএস পরীক্ষা ২০১৮-এর ১ম, ২য় এবং ৩য় বর্ষের কোর্সভিত্তিক ফলাফলসহ চূড়ান্ত ফলাফল প্রকাশ করা হয়েছে। কোর্স সংক্রান্ত জটিলতা, আই.ডি নম্বরের অস্পষ্টতা বা অন্য কোনো কারণে পরীক্ষা দেয়া সত্ত্বেও কোন শিক্ষার্থীর ফলাফল প্রকাশ না হয়ে থাকলে তাকে On-Line-এ অভিযোগ করতে হবে। বিবিএস পরীক্ষা ২০১৮-এর ফলাফল সংক্রান্ত অভিযোগ ফরম exam.bou.edu.bd এই ওয়েব ঠিকানায় পাওয়া যাবে। অভিযোগ ফরম যথাযথভাবে পূরণ করে আগামী ১৮/১১/২০১৯ তারিখের মধ্যে উল্লেখিত ওয়েব ঠিকানায় প্রেরণ করতে হবে এবং উক্ত অভিযোগের একটি প্রিন্ট কপি সংরক্ষণ করতে হবে। পরবর্তীতে অভিযোগ আই.ডি ও স্টুডেন্ট আই.ডি দিয়ে উক্ত ওয়েব সাইটে অভিযোগের উত্তর পাওয়া যাবে।

২। ফলাফল সংক্রান্ত অভিযোগের একটি প্রিন্ট কপি সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রে/উপ আঞ্চলিক কেন্দ্রে জমা দিতে হবে। পরীক্ষা বিভাগে সরাসরি কোন অভিযোগ গ্রহণ করা হবে না। বর্ণিত বিষয়গুলো সংশ্লিষ্ট সকলকে অবহিত করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল।

ধন্যবাদসহ।

delina
22/10/19

পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

অনুলিপি : অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'ল।

- ০১। ডীন, ওপেন স্কুল, বাউবি।
- ০২। পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।
- ০৩। পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি- বাউবি'র ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হ'ল।
- ০৪। একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৫। উপ-পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৬। সংরক্ষণ নথি।